


# আমার সংস্কৃত বিভাগ :-

বাঁকুড়া খ্রিষ্টান কলেজে চান্স পাওয়া আজে একটা বড়ো ব্যাপার। যেটা প্রায় সকল ছাত্রছাত্রীর স্বপ্ন হয়ে থাকে, যেমনটা আমারও ছিল। ভবিষ্যতে চান্সও পেয়ে গেলাম। বিষয় চয়নের ক্ষেত্রে আমি ইংরেজী বিষয় নিয়ে পড়বো এমনটাই ঠিক করে রেখেছিলাম। কিন্তু হলো না। শেষ পর্যন্ত সংস্কৃত বিষয় নিয়ে আমার পছন্দের কলেজে ভর্তি হয়ে গেলাম। ইংরাজী বিষয়টা নিয়ে প্রায় বারো বছর ধরে অধ্যয়ন করেছি সেটার ব্যাপারে আমার অনেকটাই জানা কিন্তু আমার সংস্কৃত বিষয় নিয়ে কিছুই জানা নেই। প্রায় দু-মাসের বেশি সময় এই সংস্কৃত বিভাগে কাটিয়ে দেওয়ার পর কখন যে বিষয়টাকে ভালোবেসে ফেললাম বুঝতেই পারলাম না। আর এটা শুধুমাত্র সমস্ত স্যার ও ম্যামেদের জন্য সম্ভব হয়েছে, যাদের কাছ থেকে আমি এই বিষয়টা সম্পর্কে অধিক জ্ঞান অর্জন করতে পেরেছি। আমার সমস্ত স্যার ও ম্যামেরা এতটা ভালো আর সহায়তাপরায়ণ, যে তার কোনো তুলনা হয় না। তাদের পড়ানো ও বোঝানোর শৈলী একে অপরের থেকে আলাদা তবে তাদের সবাই দিয়ে আমাদের বোঝানোর চেষ্টা করেন। এই দুই মাসেরও বেশি সময় কাটিয়ে ফেললাম। যে সময়টাতে এই বিষয়টাকে ও বিভাগটিকে অনেক ভালোবেসে ফেলেছি।

কলমে- ঈশিতা দত্ত...


স্বপ্ন
অনুভবে

# প্রকৃতি

সবুজ সবুজে ঘেরা উত্তরে বয় নির্মল বাতাস
আবার চলে মেঘেদের খেলা জুড়েছে নীল আকাশ
ঝিরিঝিরি বৃষ্টি পড়ে জল কোলাহলে বয়
ফুলে ফুলে প্রজাপতি যায় মনের কথা কয়
নদী, খাল, পুকুর, ডোবা সবই মোর জানা
ওরা যে থাকে আপন খেয়ালে কেউ করে না মানা
গাছের ডালে ঘর বেঁধে পাখি করেছে বাস
জানাচে কানাচে প্রকৃতি ওড়ায় মিষ্টি সুবাস
দিনে সূর্য্য রাতে চাঁদ তারাদের কত মেলা
জন্ম মৃত্যু হাসি কান্না নিত্য নাটের খেলা
মাটির উপর আঁকড়ে ধরে শুকনো পাতার দল
কালের চক্রে সৃষ্টি ধ্বংস প্রকৃতি করছে অবিচল

কলমে – খুশি ঘোষ...

# রাজপুত

হেরে বসে থাকে না,
মুখ বুজে সয় না ।
মাথা হেঁট হয়না যাদের,
রাজপুত নাম তাদের ।

স্বাধীন রক্ত, স্বাধীন মন,
স্বাধীন আশা, স্বাধীন জীবন ।
দেশের জন্য লড়তে, মৃত্যু বরণ করতে
পিছু পা হয় না যারা,
রাজপুত তারা ।

অন্যায় সহে না, অন্যায় করে না ।
মনে নেই কোনো ভয়,
রাজপুত তাদের বলা হয় ।

রক্ত যাদের গরম,
মন যাদের নরম ।
নারী হলেও আছে তাদের দম,
জহরব্রত পালনে সক্ষম ।
চিরস্বাধীন যারা, রাজপুত তারা ॥

কলমে - প্রদীপ ঘো

# সেকালের পল্লী

## বাংলা

ওহে ও ভাই শহরবাসী
এসো আমার গ্রামে
খালি পেট ভরিয়ে দেবো
শুধু আম আর জামে ।।

সন্ধ্যেবেলা বাঁশবাগানে
দেখবে শালিক নাচ
ভাতের সাথে মেখে খেয়ো
রুই কাতলা মাছ ।।

সকালবেলা চা পাবে না
পাবে খেজুর রসের গুড়
কান পাতলেই আসবে ভেসে
পল্লীগানের সুর ।।

মেঠো পথে হাঁটতে গেলে
উড়বে ধুলো মাটি
বসলে খাওয়ার আসনে পাবে
গরম দুধের বাটি ।।

এসো ও ভাই শহরবাসী
খেয়ো ভাতে ওল
শুনতে পাবে আজানধ্বনি
রাতে হরিবোল ।।

কলমে - অপুম বীর...



# অনুভবে

আমি ফিরিয়ে দিয়েছি তাকে
আমি কবি নয় যে,
কবিতার কোনো রূপ দেব তাকে
প্রবন্ধ সৃষ্টির কোনো সাধ্যও নেই
যার মাঝে আবদ্ধ করে রাখব তাকে,
মনে মনে ইচ্ছে হয় যদি আমি চিত্রশিল্পী হতাম
তাহলে বুকের মাঝে শুধু তারই ছবি আঁকতাম
না ! কিন্তু আমি তেমন কিছুই নয় ।
তবে কোনো না কোনো রূপে চয়ন করবো তাকে
মন বলে যদি মালি হতাম
তবে ফুলের মতো চয়ন করে সাজি ভরাতাম,
তারপর তা দিয়েই মালা গাঁথতাম....
দুটো কুয়াশার পুঁথি দিতাম চারটি তারার ফুল
অনুভবেই ফিরিয়ে দিতাম তার করা সব ভুল;
একগুচ্ছ রামধনুর পর দিতাম কিছু জ্যোৎস্না
কতই না মধুর, কতই না স্নিগ্ধ
বেশ লাগতো তাই না ?

কলমে - শিবম মাল...

# বসন্তের কবিতা

বসন্ত এলো যে ধীরায়
উদাসি কোকিলের সুর মন ভরায়,
কৃষ্ণচূড়ার রাজসজ্জা সাজে
সঙ্গীতের কলতান কানে বাজে ॥

মদন দেবের আশীর্বাদ
আবির রাঙা চারিপাশ,
বউ কথা কও পাখি ডাকে
ছেলে বুড়ো সব আনন্দে মাতে ॥

ভ্রমরায় দল বেঁধে চলে
ফুল ফোটে কাননে কাননে,
বৃক্ষে নতুন লতা-পল্লব জাগে
সবকিছু অপরূপ লাগে ॥

কলমে — সোনালী দাস



पं
फं
बं
भं
मं
शं
सं
26.03.2024

# মোমের চোখে জল

বলমে বোসেল কিস্কু

সবার খুশি মোমের আলোয়
বুকের মাঝে আলো
জ্বলছে সুতো হৃদয় জুড়ে
আনন্দে সব মাতে।

প্রতিবাদেও মোমের বাতি
জ্বালিয়ে সুজন হাতে
মিছিল করো অনেক জ্বালায়
আঁধারে সাঁঝে রাতে।

কান্না মোমের কেউ দেখেনা
কি তার মনের ব্যথা
হৃদয়ের মাঝে দিয়েছে ঠাঁই
জ্বলন্ত এক সুতা।

জ্বলে পুড়ে নিঃশেষ হয়
মোমের হৃদয় জ্বালা
না বলা সব ভাষা নিয়ে
মিছিলে পথ চলা।

জ্বলছে আলো পুড়ছে বুক
মোমের চোখে জল
খুশিতে সব উদ্বেলিত
আলোয় ঝলমল॥



उ
ऊ
ऋ
श
ष
स
ह

# বসন্তবার্তা

শীতের পাতাঝরা ঋতুর অবসান ঘটিয়ে বসন্ত তার ফুলের ডালি নিয়ে প্রবেশ করে। এই বসন্তের আগমনে প্রকৃতি নতুন করে সেজে ওঠে। চারিদিকে গাছেদের শোভা বৃদ্ধি পায়। চারিদিকে পলাশ, শিমুল প্রভৃতি নানা ফুলেদের মেলা দেখা যায়। আর এই বসন্তই মানুষের অত্যন্ত প্রিয় এক ঋতু। সকলে এই বসন্তে হোলি খেলায় মেতে ওঠে। চারিদিকে নীল, লাল, সবুজ, হলুদ নানা রঙে ভরে ওঠে। আবার এই বসন্তই কারো মনে রঙ নিয়ে আসে আবার কারো মন বেরঙিন করে দেয়। তারপর এই বসন্ত শেষে গ্রীষ্ম তার শুষ্ক আবহাওয়া নিয়ে প্রবেশ করে প্রকৃতিকে পরিবর্তন করে দেয়। এভাবে আমাদের জীবনেও কখনো সুখ আসে আবার কখনো দুঃখ আসে। সবকিছু মেনে নিয়ে প্রকৃতির ঋতুচক্রের মতো আমাদের জীবনও সুখদুঃখের চক্রে জর্জরিত।

কলমে - অনন্যা গরাই

# বিদায়

সুখের ডানায় ভেসে ভেসে কেটে গেছে সারা বেলা
এবার বন্ধু, দূর দিগন্তে বিদায় নেওয়ার পালা।
সেই ক্লাস রুম, টেবিল চেয়ার, শিক্ষা প্রদীপ শিখা, সব রয়ে
যাবে আগের মতোই; আমি রয়েযাবো একা।

প্রতিটি গাছের পাতায় পাতায়, ধূলায়, পাখির ডাকে
চলে যাওয়া টুকু জলছবি করে নয়নে নয়নে আঁকে।
জীবনের পথে জ্ঞানের মশাল জ্বালাবো বলেই আসা,
এই আলয়েই খুঁজে পাই আমি, চলার পথের ভাষা।
দেবতার সম শিক্ষক সব; বন্ধুরা শতেক হাজার লড়াই - ঝগড়া
সব শেষ হলে; মিলে মিশে একাকার!

কত - শত এলো শিক্ষা নবিশ এই ছায়া তলে, রোজ
কত চলেগেছে, কত চলেযাবে, কে রাখে কাহার খোঁজ।

তবু সাজানো বাগানে নব তারুণ্য; নব নব কোলাহল,
মনে পড়ে গেলে সেইসব দিন, আজও মন চঞ্চল।

একই ছন্দে বুকের ভেতরে কেঁপে ওঠে কলিজায়
বন্ধু আমার সবকিছু আজ বলে যায় এই কবিতায়। রাগ,
অভিযোগ, অভিমান আরও যতসব ভুল ছিল, বন্ধু আজ সবার
মিলনে আলোর স্রোতে ভেসে গেল।

এসো হেঁসে উঠি বেদনার মাঝে বিদায়ী গানের
সুরে।
হৃদয় অঙ্গনে রেখেছি তো বেঁধে; চোখের দেখাটি
দূরে।

কলমে - প্রসেনজিৎ দত্ত
(তৃতীয় বর্ষ)

# স্বপ্ন

স্বপ্নের বাস্তব রূপ হল সফলতা ।
সেই স্বপ্ন যখন পূরণ হয়,
তখন নিজেকে মনে হয় সবচেয়ে সুখী মানুষ ।

কথায় আছে মধ্যবিত্ত বাড়ির ছেলেমেয়েদের
নাকি স্বপ্ন দেখতে নেই ।
সত্যি কী তাই ?

মধ্যবিত্ত পরিবারে জন্মগ্রহণ করলেও
আমার অনেক স্বপ্ন আছে...
আমার স্বপ্ন, 'আমি নার্স হব',
মানুষের, সমাজের সেবা করব ।
পরিবারের পাশে দাঁড়াব ।

বাস্তবে কী আমার স্বপ্ন সত্যি হবে ?
নাকি সমাজের বলা কথাটিকে সত্যি মেনে,
সব স্বপ্নকে বিসর্জন দিয়ে,
মনের গোপন কোটরে
চিরজীবনের মতো,
বন্দি করে রাখতে হবে ?

কলমে - বৈশালী মাঝি

# বসন্তের কবিতা

বসন্ত এলো যে ধারায়
উদাসি কোকিলের সুর মন ছোঁয়,
কৃষ্ণচূড়ার রাজপথ সাজে
সঙ্গীতের কলতান কানে বাজে ॥

মদন দেবের আশীর্বাদ
আবির রাঙা চারিপাশ,
বউ কথা কও পাখি ডাকে
ছেলে বুড়ো সব আনন্দে মাতে ॥

ভ্রমরায় দল বেঁধে চলে
ফুল ফোটে কাননে কাননে,
বৃক্ষে নতুন লতা-পল্লব জাগে
সবকিছু অপরূপ লাগে ॥

কলমে — সোনালী দাস

# ভবসিন্ধুর পার

তোমা মাঝে যত আবেগ যত অভিমান,
ঘুচিবে যেদিনে,
কর্ম তব ভালো বা মন্দ তুমি হবে বিলীন।
ঠিক যেনো মুখভাঙা কলমের মতন ॥

তোমা মাঝে জাগ্রত শক্তি-রূপ অহংকার,
কর্ম হইবে মুখ্য তব, তোমায় করিবে গৌণ
এ সুন্দর সংসার।
ঠিক যেনো মুখভাঙা কলমের মতন ॥

তোমা হইতে ষড়রিপু যেদিন লভিবে বিদায়,
পৃষ্ঠা উল্টানো হইবে তব...
ঠিক যেনো মুখভাঙা কলমের মতন ॥

ছুটি নেই ছুটি নেই বন্ধু চলো এবার ভবসিন্ধুর পারে,
বসে আছে চিত্রগুপ্ত সঙ্গে আছেন বিচিত্রগুপ্ত
তোমার করিবেন বিচার ॥

কলমে - মারুতী চক্রবর্তী

# বসন্তবার্তা

শীতের পাতাঝরা ঋতুর অবসান ঘটিয়ে বসন্ত তার ফুলের ডালি নিয়ে প্রবেশ করে। এই বসন্তের আগমনে প্রকৃতি নতুন করে সেজে ওঠে। চারিদিকে গাছেদের শোভা বৃদ্ধি পায়। চারিদিকে পলাশ, শিমুল প্রভৃতি নানা ফুলেদের মেলা দেখা যায়। আর এই বসন্তই মানুষের অত্যন্ত প্রিয় এক ঋতু। সকলে এই বসন্তে হোলি খেলায় মেতে ওঠে। চারিদিকে নীল, লাল, সবুজ, হলুদ নানা রঙে ভরে ওঠে। আবার এই বসন্তই কারো মনে রঙ নিয়ে আসে আবার কারো মন বেরঙিন করে দেয়। তারপর এই বসন্ত শেষে গ্রীষ্ম তার শুষ্ক আবহাওয়া নিয়ে প্রবেশ করে প্রকৃতিকে পরিবর্তন করে দেয়। এভাবে আমাদের জীবনেও কখনো সুখ আসে আবার কখনো দুঃখ আসে। সবকিছু মেনে নিয়ে প্রকৃতির ঋতুচক্রের মতো আমাদের জীবনও সুখদুঃখের চক্রে জর্জরিত।


কলমে - অনন্যা গরাই


BANKURA CHRISTIAN COLLEGE
DEPARTMENT OF SANSKRIT
GPS Map Camera
Bankura, West Bengal, India
63Q5+CCC, Bankura, West Bengal 722101, India
Lat 23.238629°
Long 87.058279°
11/06/24 12:28 PM GMT +05:30
Google



NT OF SANSKRIT
BANDYOPADHYAY
nt Professor
CHATTERJEE (HOD)
nt Professor
HA CHATTERJEE
GPS Map Camera
Bankura, West Bengal, India
63Q5+CCC, Bankura, West Bengal 722101, India
Lat 23.238633°
Long 87.05828°
11/06/24 12:28 PM GMT +05:30
Google


Bankura Christian College
संस्कृत-विभा
विषय:
GPS Map Camera
Bankura, West Bengal, India
63Q5+H7J, Bankura, West Bengal 722101, India
Lat 23.238746°
Long 87.058184°
11/06/24 12:33 PM GMT +05:30
Google



Bankura Christian College
सांस्कृतिक-अनुष्ठानम्
संस्कृत-विभागः
दिनाङ्कः -
GPS Map Camera
Bankura, West Bengal, India
63Q5+H7J, Bankura, West Bengal 722101, India
Lat 23.238635°
Long 87.058072°
11/06/24 12:37 PM GMT +05:30
Google


Bankura Christian College
सास्कृतिक-अ
संस्कृत-वि
विषय:-
GPS Map Camera
Bankura, West Bengal, India
63Q5+H7J, Bankura, West Bengal 722101, India
Lat 23.238665°
Long 87.058134°
11/06/24 12:41 PM GMT +05:30
Google


GPS Map Camera
Bankura, West Bengal, India
63Q5+H7J, Bankura, West Bengal 722101, India
Lat 23.238637°
Long 87.05811°
11/06/24 12:22 PM GMT +05:30
Google


GPS Map Camera
Google
Bankura, West Bengal, India
63Q5+H7J, Bankura, West Bengal 722101, India
Lat 23.238639°
Long 87.058126°
11/06/24 12:22 PM GMT +05:30


GPS Map Camera
Bankura, West Bengal, India
63Q5+H7J, Bankura, West Bengal 722101, India
Lat 23.23863°
Long 87.058092°
11/06/24 01:15 PM GMT +05:30
Google


Bankura Christian College
अनुष्ठानम्
GPS Map Camera
Bankura, West Bengal, India
63Q5+H7J, Bankura, West Bengal 722101, India
Lat 23.23864°
Long 87.058109°
11/06/24 01:17 PM GMT +05:30
Google